



গম ও ভূট্টা গবেষণা ইনস্টিটিউটের সহায়তায় কৃষক পর্য্যায়ে উন্নত জাতের গম বীজ উৎপাদন-সংরক্ষন-সম্প্রসারণে সরকার যুগোপযোগী প্রকল্প গ্রহন করেছে

স্টাফ রিপোর্টার ॥ বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব কৃষিবিদ মোঃ আব্দুর রউফ বলেছেন বর্তমান কৃষি ও কৃষক বান্ধব সরকার বাংলাদেশের মানুষের আর্থসামাজিক উন্নয়নে গুণগত মান সম্পন্ন খাদ্য যোগানের লক্ষ্যে যান্ত্রিক পদ্ধতিতে যন্ত্রের সহায়তায় অনাবাদি অপ্রচলিত এলাকায় পাহাড়ী ও সমতল ভূমিতে নদনদীর চরাঞ্চলে নদনদীর অব বাহিকায় সমুদ্রের উপকূলীয় চরাঞ্চলে আধুনিক প্রযুক্তি ও প্রশিক্ষন প্রয়োগ করে নতুন নতুন উফশী জাতের রাষ্ট্র প্রতিরোধী জিংক ও পুষ্টি যুক্ত দানাদার অর্থকরী গমের আবাদ বৃদ্ধির লক্ষ্যে কৃষক কৃষানী পর্য্যায়ে

- অতিরিক্ত কৃষি সচিব আব্দুর রউফ

আর্থিক প্রণোদনা সাবসিডি ভূত্বকি প্রদান করে গমের আবাদ বৃদ্ধির লক্ষ্যে কাজ করছে। কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ গম ও ভূট্টা গবেষণা ইনস্টিটিউট (বিডারিউএমআরআই) কর্তৃক বাস্তবায়নধীন গমের রাষ্ট্র রোগ প্রতিরোধ ব্যবস্থাপনা এবং গমের নতুন জাতের বীজ উৎপাদন বৃদ্ধি করন শীর্ষক প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের লক্ষ্যে আন্তঃমন্ত্রালয় কমিটির আহবায়ক অতিরিক্ত কৃষিসচিব মোঃ আব্দুর - শেখের পাতায় ৫ কলাম

উন্নত জাতের গম বীজ উৎপাদন

রউফ বিডারিউএমআরআই হল রুমে অত্র ইনস্টিটিউটের মহাপরিচালক প্রখ্যাত কৃষিবিদ ড. গোলাম ফারুক এর সভাপতিত্বে গম ফসলের রাষ্ট্র প্রতিরোধী উন্নত জাতের বীজ উৎপাদনের গুরুত্ব আরোপ করে বক্তব্য রাখেন। উক্ত কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন, আইএমইডির মহা পরিচালক যুগ্ম সচিব মোঃ সাইফুল ইসলাম, যুগ্ম সচিব রবীন্দ্র শ্রীবড়ুয়া, সিনিয়র সহকারী সচিব ইসরাত জাবিন, সিনিয়র সহকারী সচিব মৌসুমী মাহাবুব, বিডারিউএমআরআই এর রাষ্ট্র রোগ প্রতিরোধী গমের নতুন নতুন জাতের বীজ উৎপাদন বৃদ্ধি করণ শীর্ষক প্রকল্পের পরিচালক, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা কৃষিবিদ ড. মোঃ মাহফুজ বাজ্জাজ, অনুষ্ঠানে বক্তব্য রাখেন বীজ উৎপাদনকারী আদর্শ কৃষক কৃষানী ও অন্যান্য কর্মকর্তাগন। অতিরিক্ত কৃষি সচিব মোঃ আব্দুর রউফ ও অন্যান্য কর্মকর্তাগন গবেষণা প্লট ল্যাবটরী, বীজ উৎপাদন মাঠ পরিদর্শন করেন এবং কৃষকদের সঙ্গে গম আবাদ বৃদ্ধির লক্ষ্যে সরাসরি মত বিনিময় করেন। কৃষককুল রাষ্ট্র রোগ প্রতিরোধী বারি-৩৩, বিডারিউএমআরআই-৩ জাতের আরো বীজ ও অন্যান্য প্রয়োজনীয় সহায়তা প্রদানের উপর গুরুত্ব আরোপ করেন। এই প্রকল্পের অধিণে সারাদেশে প্রকল্প এলাকায় ৬৫০ টি গমের প্রদর্শনী প্লট স্থাপন করা হয়। প্রকল্প এলাকায় বিনামূল্যে সার, বীজ, প্রশিক্ষন প্রযুক্তি প্রদান করা হয়। প্রকল্প পরিচালক ড. মোঃ মাহফুজ বাজ্জাজ বলেন আগামী অর্থবছরে ২০২২-২০২৩ সনে গম বোপন মৌসুমে প্রকল্পের অধিন ৩০-৪০ টন রাষ্ট্র রোগ প্রতিরোধী বারিগম-৩৩ বীজ কৃষকদের মাঝে বিনামূল্যে বিতরণ করা হবে। বিডারিউএমআরআই এর মহাপরিচালক বিশিষ্ট কৃষি বিজ্ঞানী প্রজনন বিদ ড. গোলাম ফারুক উক্ত প্রকল্পের মাধ্যমে গম আবাদ করে কৃষক সম্প্রদায় অধিক লাভবান হচ্ছেন এবং তাদের উৎপাদিত গমের বীজ অত্র ইনস্টিটিউট ন্যায্যমূল্যে ক্রয় করে সারা বাংলাদেশে গমের আবাদ সম্প্রসারণ করছে। উক্ত প্রকল্প বৃদ্ধি করার লক্ষ্যে গম চাষীগনের পক্ষ থেকে দাবী উঠেছে। উল্লেখ্য যে দেশে শতভাগ গমের বীজ উৎপাদনে ও সরবরাহে অত্র প্রতিষ্ঠান অন্য ভূমিকা রাখছে।



গম ও ভূট্টা গবেষণা ইনস্টিটিউটে কর্মশালায় অতিরিক্ত কৃষি সচিব

বর্তমান কৃষকবান্ধব সরকার মানুষের আর্থ সামাজিক উন্নয়ন ও খাদ্য যোগানে কাজ করে যাচ্ছে

স্টাফ রিপোর্টার ॥

কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব কৃষিবিদ মোঃ আব্দুর রউফ বলেছেন, বর্তমান কৃষি ও কৃষক বান্ধব সরকার মানুষের আর্থসামাজিক উন্নয়নে গুণগত মান সম্পন্ন খাদ্য যোগানের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। যান্ত্রিক পদ্ধতিতে অনাবাদি জমিতে নতুন উফশী জাতের ব্লাস্ট প্রতিরোধী জিংক ও পুষ্টি যুক্ত দানাদার অর্থকরী গমের আবাদ বৃদ্ধিতে কাজ করছে। কৃষকদের আর্থিক

প্রণোদনা প্রদান করে গমের আবাদ বৃদ্ধির লক্ষ্যে কাজ করছে।

গতকাল সোমবার বাংলাদেশ গম ও ভূট্টা গবেষণা ইনস্টিটিউট কর্তৃক বাস্তবায়নধীন গমের ব্লাস্ট রোগ প্রতিরোধ ব্যবস্থাপনা এবং নতুন জাতের বীজ উৎপাদন বৃদ্ধিকরণ শীর্ষক প্রকল্পের কার্যক্রম মূল্যায়ন সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

গম ও ভূট্টা ইনস্টিটিউটের (২য় পৃষ্ঠায় দেখুন)

গম ও ভূট্টা গবেষণা

মহাপরিচালক ড. গোলাম ফারুক এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন, আইএমইডির মহাপরিচালক যুগ্ম সচিব মোঃ সাইফুল ইসলাম, যুগ্ম সচিব রবীন্দ্র শ্রীবড়ুয়া, সিনিয়র সহকারী সচিব ইসরাত জাবিন, সিনিয়র সহকারী সচিব মৌসুমী মাহাবুব, বিডাল্লিউএমআরআই এর ব্লাস্ট রোগ প্রতিরোধী গমের নতুন জাতের বীজ উৎপাদন বৃদ্ধি করণ শীর্ষক প্রকল্পের পরিচালক, ড. মোঃ মাহফুজ বাজ্জাজ।

অনুষ্ঠান শেষে অতিরিক্ত কৃষি সচিব মোঃ আব্দুর রউফ ও অন্যান্য কর্মকর্তাগণ গবেষণা প্লট ল্যাভটরী, বীজ উৎপাদন মাঠ পরিদর্শন করেন এবং কৃষকদের সঙ্গে গম আবাদ বৃদ্ধির লক্ষ্যে সরাসরি মত বিনিময় করেন। এ সময় কৃষকেরা ব্লাস্ট রোগ প্রতিরোধী র ১ রি - ৩ ৩ , বিডাল্লিউএমআরআই-৩ জাতের আরো বীজ ও অন্যান্য প্রয়োজনীয় সহায়তা প্রদানের উপর গুরুত্ব আরোপ করেন। এই প্রকল্পের অধিণে সারাদেশে প্রকল্প এলাকায় ৬৫০ টি গমের প্রদর্শনী প্লট স্থাপন করা হয়। প্রকল্প এলাকায় বিনামূল্যে সার, বীজ, প্রশিক্ষন প্রযুক্তি প্রদান করা হয়। প্রকল্প পরিচালক ড. মোঃ মাহফুজ বাজ্জাজ বলেন আগামী অর্থবছরে ২০২২-২০২৩ সনে গম বোপন মৌসুমে প্রকল্পের অধিন ৩০-৪০ টন ব্লাস্ট রোগ প্রতিরোধী বারিগম-৩৩ বীজ কৃষকদের মাঝে বিনামূল্যে বিতরণ করা হবে। বিডাল্লিউএমআরআই এর মহাপরিচালক ড. গোলাম ফারুক বলেন, প্রকল্পের মাধ্যমে গম আবাদ করে কৃষক সম্প্রদায় অধিক লাভবান হচ্ছেন এবং তাদের উৎপাদিত গমের বীজ অত্র ইনস্টিটিউট ন্যায্যমূল্যে ক্রয় করে সারা বাংলাদেশে গমের আবাদ সম্প্রসারণ করছে।